# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৭৫

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
০৩ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭২১ তম কমিশন সভা অদ্য ০৩/০৩/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

এনভয় টেক্সটাইলস লিমিটেড এর ৮৭ কোটি টাকার Fully Redeemable Non-convertible Cumulative Preference Shares এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৫ বছর। এই প্রিফারেন্স শেয়ার এর বৈশিষ্ট্য হচ্ছে Non-convertible, Fully redeemable, Unlisted, Cumulative Preference Shares। উক্ত প্রিফারেন্স শেয়ার আগামী ০৫ বছরে পূর্ণ অবসায়ন হবে যা বিভিন্ন প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ, ইন্স্যুরেন্স কোম্পানীসমূহ এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই প্রিফারেন্স শেয়ার ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে এনভয় টেক্সটাইলস লিমিটেড কোম্পানীর সম্প্রসারণ এবং ইতোমধ্যে গৃহীত উচ্চ হারের ঋণ পরিশোধের (expansion and repayment of existing high cost debt) কাজে ব্যবহার করবে। এই প্রিফারেন্স শেয়ার এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের জন্য টাকা ১(এক) কোটি এবং যোগ্য বিনিয়োগকারীগণের জন্য টাকা ৫০ (পঞ্চাশ) লক্ষ। এই প্রিফারেন্স শেয়ার এর ইস্যু ম্যানেজার হিসাবে এনডিবি ক্যাপিটাল লিমিটেড কাজ করছে।

03/03/2020

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd